

Drinkcan Water Purifier



ড্রিংক্যান প্রিমিও

ড্রিংক্যান RO পিউরিফায়ার এর অনন্য বৈশিষ্ট্য সমূহ

❖ ৮-স্তরের পিউরিফিকেশন

ড্রিংক্যান RO পিউরিফায়ার এ আছে শক্তিশালি কার্যকরী ৮ স্তরের পিউরিফিকেশন সিস্টেম, যা টিডিএস ২০০০ পিপিএম পর্যন্ত দূষিত পানিকে নিরাপদ এবং স্বাদু পানিতে পরিণত করে। তাই নিশ্চিত পান করা যায় ড্রিংক্যান RO পিউরিফায়ার এর পানি।

❖ সবচেয়ে শক্তিশালি হেভিডিউটি পিউরিফায়ার

ড্রিংক্যান RO দিচ্ছে বাজারের সবচেয়ে শক্তিশালি ১০০ জিপিডি পিউরিফায়ার। উচ্চ ক্ষমতা সম্পন্ন আর শক্তিশালি হওয়ায় ড্রিংক্যান নিশ্চিত করে সবচেয়ে নিরাপদ পানির দীর্ঘস্থায়ী সমাধান।

❖ সর্বাধিক ২ বছরের ওয়ারেন্টি

শক্তিশালি ও দীর্ঘস্থায়ী RO পিউরিফায়ার হওয়ায় শুধুমাত্র ড্রিংক্যানই দিচ্ছে ২ বছরের ওয়ারেন্টি। ড্রিংক্যান পিউরিফায়ার ব্যবহার করে নিশ্চিত থাকুন বছরের পর বছর।

CHA- 68, Kuwati Mosque Road,
North Badda, Dhaka 1212

01730555115

drinkcanbd@gmail.com

drinkcan

Drinkcan Water Purifier

❖ ২০% বেশী অক্সিজেন পানিতে যুক্ত করে

ড্রিংক্যান পরিমিত মাত্রায় মিনারেলস এবং সাধারণ ফিল্টার থেকে ২০% বেশী অক্সিজেন পানিতে যুক্ত করে। স্বাস্থ্যসম্মত ও নিরাপদ পানি আস্থার সাথে পান করুন।

❖ পানি এসিডিক করে না

সাধারণ মানের RO ফিল্টার পানিকে এডিডিক করে তোলে, যা স্বাস্থ্যের জন্য ক্ষতিকর। সর্বাধুনিক প্রযুক্তির ড্রিংক্যান RO পিউরিফায়ার পরিমিত মাত্রায় মিনারেলস যুক্তকরে পানিকে এসিডিক হতে দেয়না এবং মাত্রা ঠিক রেখে পানিকে করে সুস্বাদু আর নিরাপদ।

❖ সর্বাধুনিক RO+UV+Alkaline এর নিশ্চয়তা

সর্বাধুনিক প্রযুক্তির ড্রিংক্যান পিউরিফায়ার RO, UV এবং Alkaline-এর মাধ্যমে ১০০% পানি পরিশোধন নিশ্চিত করে যা শুধুমাত্র টিডিএস অপসারণ নয়, অদৃশ্য এবং ক্ষতিকারক নতুন যুগের দূষিত পদার্থ, যেমন: সিসা, আর্সেনিক এবং পারদ অপসারণ করে পানির প্রতিটি ফোঁটা বিশুদ্ধ এবং নিরাপদ রাখে

❖ পারফেক্ট মিনারেল ব্যালেন্স

ড্রিংক্যান শুধু পানি পরিশোধনই করে না, এর মিনারেল ব্যালেন্স টেকনোলজির মাধ্যমে প্রাকৃতিক মিনারেলের ভারসাম্যও বজায় রেখে আপনার পানি সুস্বাদু এবং স্বাস্থ্যকর করে তোলে।

❖ প্রশস্ত ১৫ লিটার" স্টোরেজ ট্যাংক

আপনাকে বাজারের সবচেয়ে সেরা "প্রশস্ত ১৫ লিটার" স্টোরেজ ট্যাংক প্রদান করে, যা নিশ্চিত করে আপনার পরিবার যত বড়োই হোক, পানি যেন কখনো শেষ না হয়।

❖ ইন্টেলিজেন্ট অটোমেটিক সিস্টেম

ইন্টেলিজেন্ট সেন্সর ব্যবহারের মাধ্যমে আপনার পিউরিফায়ারটি স্বয়ংক্রিয়ভাবে চালিত হয়। পানি শেষ হয়ে গেলে এটি ট্যাংক পূর্ণ করতে শুরু করে এবং ট্যাংক পূর্ণ হয়ে গেলে অটোমেটিক্যালি থেমে যায়। উচ্চ ক্ষমতা সম্পন্ন ফিল্টার দ্রুত স্টোরেজ ট্যাংক ফুল করে দেয় তাই বিদ্যুৎ সাশ্রয় হয় অন্যান্য ফিল্টার থেকে অনেক বেশি।

❖ লোড শেডিং সাপোর্ট

দুর্যোগের বা লোডশেডিং এর কথা মাথায় রেখে ড্রিংক্যানে ব্যবহার করা হয়েছে হেভি ডিউটি ট্যাংক। বিদ্যুৎ ছাড়াই ব্যবহার করতে পারেন স্টোরেজ ট্যাংক এর বিশুদ্ধ পানি।

CHA- 68, Kuwati Mosque Road,
North Badda, Dhaka 1212

01730555115

drinkcanbd@gmail.com

drinkcAn

❖ অ্যাডভান্সড ভোল্টেজ ফ্লাকচুয়েশন গার্ড

এটি আপনার পিউরিফায়ারকে উর্ধ্ব ২৪০ ভোল্ট পর্যন্ত আকস্মিক ভোল্টেজ ওঠা-নামা থেকে রক্ষা করবে এবং নিম্নে ১০০ এসি ভোল্টেজেও কাজ করবে।

ড্রিংক্যান RO পিউরিফায়ার ৮ স্তরের পিউরিফিকেশন

ড্রিংক্যান RO পিউরিফায়ার শুধুমাত্র পানি থেকে জীবাণু অপসারণই করে না, এটি পানি থেকে সমস্ত প্রকার দূষিত পদার্থ, ধাতব কণা, ক্লোরিন, ব্লিচিং আর কীটনাশক দূর করে পানিকে আরও উন্নত এবং সমৃদ্ধ করে। প্রতি গ্রাস খাবার পানি আপনাকে দেবে সতেজ অনুভূতি।

ড্রিংক্যান RO পিউরিফায়ার

০১. প্রি-সেডিমেন্ট ফিল্টার

ছোটো ছোটো এবং অমসৃণ অপরিষ্কার ময়লা, বালি, কাদা-মাটি বা অদ্রবণীয় কণা অপসারণ করে এবং ফিলটারের আয়ু বৃদ্ধি করে।

০২. পোস্ট-সেডিমেন্ট ফিল্টার

প্রি সেডিমেন্ট ফিল্টার পাস করে আসা অবশিষ্ট অদ্রবণীয় ময়লা আর অনাকাঙ্খিত সূক্ষ উপাদান দূরীভূত করে।

০৩. প্রি- কার্বন ফিল্টার

ক্লোরিন, ব্লিচিং, অপরিশুদ্ধ জৈব, কীটনাশক অপসারণ করে। এছাড়াও এটি বাজে স্বাদ এবং গন্ধ, যা পানি থেকে জবিক যৌগ তৈরি করে তা পরিশোধন করে।

০৪. পোস্ট-কার্বন সেডিমেন্ট ফিল্টার

এর এক্টিভেটেড কার্বন অবশিষ্ট ক্ষতিকারক উপাদান ও গন্ধ অপসারণ করে এবং ৩০ মেমব্রেনের আয়ু বৃদ্ধি করে।

০৫- টি ডি এস কন্ট্রোলার

এই ফিলটারের মাধ্যমে টি ডি এস ফ্লো কন্ট্রোল করা হয়।

০৬-আর ও মেমব্রেন

এই ফিল্টার ০.০০১ মাইক্রোনের অধিক সমস্ত কিছু ফিল্টার করে পানিকে বিশুদ্ধ করে দেয়। দ্রবীভূত লবণ, কাঠিন্য, কীটনাশক এবং ভারী ধাতু, যেমন: আর্সেনিক, সিসা, পারদের মত পদার্থ অপসারণের পাশাপাশি সমস্ত দূষণকারী জীবাণু যেমন ব্যাকটেরিয়া, ভাইরাস, প্রোটোজোয়া এবং সিস্ট অপসারণ করে। মূলত সমস্তকিছুই এই ধাপে ফিল্টার হয়ে পানি বিশুদ্ধ হয়ে যায়।

০৭) শক্তিশালি UV রিয়্যাক্টর

একটি অতিরিক্ত নিরাপত্তা স্তর। সাধারনত ড্রিংক্যান RO মেম্ব্রেন ভেদ করে কোন জীবাণু আসতে পারে না। যদি এসেই যায়, এর শক্তিশালি UV তা পুরোপুরি ধ্বংস করে পানিকে পরিষোধন করে দেয়।

০৮. এলকালাইন/ মিনারেল ফিল্টার

পরিষোধন করার শেষ ধাপ একটি পলিশার হিসেবে কাজ করে। এই ধাপে পানিতে পরিমিত মাত্রায় মিনারেলস যুক্ত করে পানির pH মাত্রা ঠিক রাখে এবং পরিষোধিত পানির স্বাদ বৃদ্ধি করে।

ড্রিংক্যান RO পিউরিফায়ার নিশ্চিত করে পৃথিবীর সেরা আর স্বাস্থ্যকর পানির উৎস আপনার ঘরে।

ড্রিংক্যান RO পিউরিফায়ার যেভাবে ইন্সটল করবেন:

১. পিউরিফায়ারটি অবশ্যই দক্ষ টেকনিশিয়ান দ্বারা স্থাপন করতে হবে।
২. এটি দেয়ালের সাথে সংযুক্ত করে অথবা টেবিলের উপর রেখে ব্যবহার করা যেতে পারে।
- ৩-পিউরিফায়ারটিকে ঠান্ডা শুষ্ক এবং পিপড়া / অন্যান্য পোকামাকড় মুক্ত স্থানে রাখতে হবে।
৪. পিউরিফায়ারটিকে লম্বাভাবে ঝোলানো পানির সংযোগের কাছাকাছি রাখতে হবে (২ মিটারের বেশি নয়)।
৬. পিউরিফায়ারটিকে কোনো বৈদ্যুতিক লাইন বা সুইচ বা সকেটের উপর স্থাপন করবেন না।
৬. পণ্যের পাইপগুলোকে বেশি ভাজ করা থেকে বিরত থাকুন।
৭. কোনো বর্ধিত তার ব্যবহার করবেন না।

ড্রিংক্যান RO পিউরিফায়ার এর যত্ন নিবেন কিভাবে:

- ১। শুধুমাত্র পিউরিফায়ারের সাথে প্রাগটি টাইট ভাবে ব্যবহার করুন, যেন ডিলে ভাবে না থাকে লক্ষ করুন।
- ২। গরম পানির ট্যাপের সাথে পিউরিফায়ারটি সংযুক্ত করা যাবে না। পিউরিফায়ারের ভেতর দিয়ে ৪৫ ডিগ্রী সেলসিয়াসের চেয়ে বেশি গরম পানি প্রবাহিত করবেন না।
- ৩। পানি বের হওয়ার সময় বিদ্যুৎ প্রবাহ চালু আছে তা নিশ্চিত করুন। স্টোরেজ ট্যাংক থেকে পানি বের করতে সফট-টাচবাটন চাপুন।
- ৪। বর্জ্য-পানির টিউবে জমে থাকা পানি পানের উপযোগী নয়। আপনি এই পানি বাগানে অথবা মেঝে পরিষ্কারে ব্যবহার করতে পারেন।
- ৫। পিউরিফায়ার থেকে নির্গত পানিতে কিছু উপাদান থাকতে পারে, যা নিরাপদ এবং স্বাভাবিক স্বাস্থ্যের জন্য কোনো স্বাস্থ্যঝুঁকি তৈরি করে না।

সাধারণ জিজ্ঞাসা ও উত্তরঃ

ড্রিংক্যান RO পিউরিফায়ার -এর ধারণক্ষমতা কত?

ড্রিংক্যান RO পিউরিফায়ার একটি স্টোরেজ ট্যাংক রয়েছে যার ধারণক্ষমতা ১৫ লিটার। স্টোরেজ ট্যাংক ভর্তি হওয়ার প্রক্রিয়াটি সম্পূর্ণ অটোমেটিক এবং স্টোরেজ ট্যাংকের পানি ব্যবহারের পর পুনরায় পানি ফিল্টার করে ট্যাংক পূর্ণ হয়ে যাবে।

ড্রিংক্যান RO পিউরিফায়ার পানি পরিশোধন করতে কত সময় লাগে?

ড্রিংক্যান RO পিউরিফায়ার প্রতি ঘন্টায় ১৬-১৮ লিটার পানি পরিশোধন করতে পারে। তবে পরিশোধন করতে যে সময় লাগে তা ফিল্টারে প্রবেশকৃত পানির প্রেশার, টিডিএস এবং পানিতে থাকা অন্যান্য অপরিশুদ্ধ উপাদানের পরিমানের উপর নির্ভর করে।

আমি কিভাবে নতুন দ্রব্যসামগ্রী / কিট প্রতিস্থাপন করবো?

আপনাকে ড্রিংক্যান হেল্প লাইনে কল করে জানাতে হবে। কাস্টোমার কেয়ার বিশেষজ্ঞ আপনার বাসায় যাবে এবং কিটটি নূন্যতম খরচে প্রতিস্থাপন করে দিবে।

যদি ট্যাপ থেকে কোনো পানি বের না হয় তাহলে আমার কীকরা উচিত?

যদি আপনি ট্যাপ থেকে পানি বের করতে না পারেন, তাহলে প্রথমেই পরীক্ষা করুন ইন লাইন বা আউট লাইনের ভালব বন্ধ আছে কিনা। যদি ঠিক থাকে পাওয়ার সাপ্রাই চালু আছে নাকি দেখুন। যদি চালু থাকে তাহলে পরীক্ষা করুন কোনো ত্রুটি নির্দেশক জ্বলছে নাকি।

যদি কোনোটাই না হয়, তাহলে সাহায্যের জন্য হেল্প লাইনে কল করুন।

আমি কি যেকোনো ধরনের পানির পরিশোধনের জন্য ড্রিংক্যান RO পিউরিফায়ার ব্যবহার করতে পারি?

ড্রিংক্যান RO পিউরিফায়ার উচ্চ ক্ষমতা সম্পন্ন। আমাদের দেশের যে কোন সরকারি সাপ্লাইকৃত পানিতে কার্যক্ষম। অতিমাত্রায় আয়রন আর ময়লা থাকলে পরিশোধন ক্ষমতা এবং কিটের আয়ুষ্কাল হ্রাস পাবে। যে কোন আবস্থায় ড্রিংক্যান RO পিউরিফায়ার পানি পরিশোধন করে পানের জন্য নিরাপদ করবে।

ড্রিংক্যান RO পিউরিফায়ার কি আর্সেনিক, ফ্লোরাইড, নাইট্রেটস বা ক্লোরিন অপসারণ করে?

অন্যান্য আয়নগুলো মতোই ড্রিংক্যান RO পিউরিফায়ার আর্সেনিক, ফ্লোরাইড, নাইট্রেটস বা ক্লোরিন অপসারণ করে।

আমি কি বর্জ্য-পানি ব্যবহার করতে পারি? আমি বর্জ্য- পানি দিয়ে কী করতেপারি?

ড্রিংক্যান RO পিউরিফায়ার এর বর্জ্য পানি বাগানে বা ধোয়া-মোছা বা মেঝে পরিষ্কারে ব্যবহার করা যেতে পারে, কিন্তু রান্না বা পান করার জন্য ব্যবহার করা যাবে না

পিউরিফায়ারের কোনো অংশ যদি ভেঙে যায় তাহলে আমার কী করা উচিত ?

অনুগ্রহ করে আমাদের হেল্প লাইনে কল করুন। আমরা আপনাকে মেরামত করতে সাহায্য করবো। প্রয়োজনীয় অংশগুলো খরচ দিয়ে আপনাকে কিনে দিতে হবে।

পিউরিফায়ার যদি ছিদ্র হয়ে যায় তাহলে আমার কী করা উচিত?

যদি আপনি পিউরিফায়ারে কোনো ছিদ্র খুজে পান তাহলে প্রথমে বল জালভটি বন্ধ করুন এবং পাওয়ার সুইচটি বন্ধ করুন। পরীক্ষা করুন কোনো দৃশ্যমান অনুপযুক্ত সরঞ্জাম রয়েছে কিনা এবং হেল্প লাইনে ফোন করুন।